সেবার নাম – স্মার্ট মিটিং ব্যবস্থাপনা

মন্ত্রণালয়/বিভাগের নাম: **পানি সম্পদ মন্ত্রণালয়**

১। অফিস প্রোফাইল

ক) একনজরে অফিস

প্রতিষ্ঠানের নাম	বাংলা	পানি সম্পদ মন্ত্রণালয়
	ইংরেজি	Ministry of Water Resources
	সংক্ষিপ্ত	MoWR
অফিস প্রধানের পদবি	সচিব	
অফিসের সংখ্যা	১টি (প্রধান কার্যালয়)	
জনবল	১২৫ জন	
অফিসের ঠিকানা	পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০	
যোগাযোগ (ই-মেইল, ফোন, ফ্যাক্স)	ই-মেইল: secretary@mowr.gov.bd	
ওয়েবসাইট	https://www.mowr.gov.bd	
যাতায়াতের বর্ণনা (গুগল ম্যাপসহ)	রমনা থানার অন্তর্গত প্রেসক্লাবের পার্শ্বে বাংলাদেশ সচিবালয়ে ৬ নং ভবনের ৫ম তলায় পানি সম্পদ মন্ত্রণালয় ম্যাপে লিঙ্কঃ https://goo.gl/maps/cBEifgy8wucTXKrx8?coh=178573&entry=tt 		

খ) ভিশন ও মিশন

রূপকল্প (Vision): জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

অভিলক্ষ্য (Mission): ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানি চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

গ) কার্যাবলি (Functions)

- ১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;
- ২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা নির্মাণ, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি নিরূপণ সম্পর্কিত কার্যক্রম;
- ৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;
- ৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;
- ৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচির আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ;
- ৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
- ৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাধ এবং ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি; এবং
- ৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং।

ঘ) সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বন্যার ক্ষয়ক্ষতি হতে দেশের জনসাধারণের জানমাল রক্ষা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুনঃরুদ্ধারের কাজ করছে। গত ৩ (তিন) বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ২১৪টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে ৯৪টি প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করেছে। প্রকল্পসমূহের আওতায় ২৭৯.০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ৫১.০০ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ২৩৮৪.০০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ, হাইড্রোলজিক্যাল স্ট্রাকচার ২৭২টি নির্মাণ ও ২০২টি মেরামত, ২৬৫.০০ কিঃমিঃ সেচ খাল পুনঃখনন, ৯০৪.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন এবং ১০৩৫.০০ কিঃমিঃ নদী ড্রেজিং ও পুনঃখনন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনার আওতায় দেশের ৬৪টি জেলায় আরো প্রায় ১৮৬০ কিঃমিঃ দৈর্ঘ্যে ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন সম্পন্ন হয়েছে। এ সকল কার্যক্রমের ফলে ফলে ০.৩৮ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ ও ১.২৫ লক্ষ হেক্টর জমি বন্যামুক্ত করা হয়েছে।

ঙ) সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

নদী মাতৃক দেশ হওয়া সত্ত্বেও বর্ষা মৌসুমে পানির আধিক্য এবং শুষ্ক মৌসুমে পানির দুষ্প্রাপ্যতা বাংলাদেশের প্রকৃত বাস্তবতা। শুষ্ক মৌসুমে নদী অববাহিকাসমূহের উজানে পানি প্রবাহ বাঁধাগ্রস্ত হওয়ায় দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পায়। আবার প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলে পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ, পাহাড়ী ঢল বিবিধ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

চ) ভবিষ্যৎ পরিকল্পনা

প্রাকৃতিক দূর্যোগ, নদী ভাঙ্গন, ভরাট হয়ে যাওয়া নদ-নদী, খরা প্রবণতা, পানিতে লবণাক্ততার পরিমাণ বৃদ্ধি প্রভৃতি জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলাকরণে দেশের পানি সম্পদ খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ এর বিনিয়োগ কর্মপরিকল্পনাভুক্ত ২৯টি কার্যক্রম চলমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে পূর্ণ/আংশিকভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এতে ২০২৫ সাল নাগাদ ডিএনডি এলাকা, চট্টগ্রাম মহানগরী এলাকা ও নোয়াখালী এলাকার জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধান হবে। ব্রহ্মপুত্র-যমুনা, পদ্মা, মেঘনা, কর্ণফুলী ও সাঙ্গু-মাতামুহুরী- ৫টি নদী সিস্টেমের বেসিনভিত্তিক সমীক্ষা সম্পাদনের কাজ ২০২৫ সাল নাগাদ সমাপ্ত হবে। বড় নদীসমূহ চ্যানেলাইজেশন এবং সমুদ্র উপকূলে ভূমি পুনরুদ্ধারে ২০৩০ সাল নাগাদ প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন

আরম্ভ হবে। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় উপকূলীয় পোল্ডারসমূহ পর্যায়ক্রমে পুনর্বাসন এবং শক্তিশালীকরণ করা হচ্ছে।

২০২৪-২০২৫ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ১০.৮০ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ৮৮.৩৫ কিঃমিঃ বাঁধ পুনঃনির্মাণ, ২১১.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ২০টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও ৩০টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো পুনঃনির্মাণ/মেরামত এবং ১০১.০০ কিঃমিঃ তীর সংরক্ষণ।
- পরিবেশের ভারসাম্য রক্ষা ও সেচ সুবিধা বৃদ্ধির জন্য ১২৬.০০ কিঃমিঃ সেচ খাল পুনঃখনন এবং ৯৩টি সেচ অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ।
- ২৭.৫০ কিঃমিঃ উপকূলীয় বাঁধ মেরামত/ উচুঁকরণ ও ৪.০০ কিঃমিঃ উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা কাজ বাস্তবায়নসহ হাওর এলাকায় ৬৫০ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ করে বন্যা প্রতিরোধের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি।

২। সেবা প্রোফাইল

ক) সেবার নাম: স্মার্ট মিটিং ব্যবস্থাপনা

খ) সেবাটি সহজিকরণের যৌক্তিকতাঃ

পানি সম্পদ মন্ত্রণালয়ে বর্তমানে ১২৪ প্রকল্প চলমান রয়েছে এবং প্রতিটি প্রকল্পে একাধিক প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভা (পিএসসি) ও প্রজেক্ট ইম্প্লিমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। পিএসসি সভায় কর্মকর্তাগণ বিভিন্ন তথ্য জানতে চান যেমন বিগত সভা কবে হয়েছিল, বিগত সভার সিদ্ধান্ত কি ছিল, পিডি নিয়োগ কবে হয়েছে, বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি। এছাড়া কোন প্রকল্পে কতগুলো সভা হয়েছে, কতগুলো বাকি আছে, শাখা অনুযায়ী প্রকল্পের তথ্য, ডিপিপি অনুমোদন/রিভাউজড তারিখ, সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি তথ্য ডাটাবেইজ সফটওয়্যারের মাধ্যমে এক ক্লিকে পাওয়া সম্ভব।

গ) সেবা প্রাপ্তির মৌলিক তথ্যাদিঃ

ক্র:নং	বিষয়	তথ্যাদি
১.	সেবা প্রদানকারী অফিস	পানি সম্পদ মন্ত্রণালয়
২.	সেবার সংক্ষিপ্ত বিবরণ	প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার (পিএসসি) পিডি নিয়োগ কবে হয়েছে, বিগত সভা কবে হয়েছিল, বিগত সভার সিদ্ধান্ত কি ছিল, বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি। এছাড়া কোন প্রকল্পে কতগুলো সভা হয়েছে, কতগুলো বাকি আছে, শাখা অনুযায়ী প্রকল্পের তথ্য, ডিপিপি অনুমোদন/রিভাইজড তারিখ, সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি সংক্রান্ত তথ্য প্রাপ্তি।
৩.	বার্ষিক সেবা গ্রহণ কারীর সংখ্যা	প্রযোজ্য নয়।
৪.	সেবা প্রাপ্তির শর্তাবলী	প্রাপ্যতা অনুযায়ী চাহিদা প্রেরণ।
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী	সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা।
৬.	সেবা প্রাপ্তির সময়	২ দিন (গড়)
৭.	সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র	প্রাপ্যতা অনুযায়ী চাহিদাপত্র
৮.	সেবা প্রাপ্তির খরচ	প্রযোজ্য নয়।

ক্র:নং	বিষয়	তথ্যাদি
৯.	সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা	ন্যুনতম ২ বার।
১০.	সেবা প্রাপ্তি/ প্রদানের ক্ষেত্রে অসুবিধা/ সমস্যা/ চ্যালেঞ্জসমূহ	• তথ্য কোথায় পাওয়া যাবে তার সঠিক তথ্য না থাকা; • সময়ের অপচয় হয় • চাহিদামত তথ্য যথাসময়ে না পাওয়া।

ঘ) বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ

সেবার ধাপ	কার্যক্রম	ব্যয়	প্রতি ধাপের সময়	সম্পৃক্ত জনবল
১ম	**কাঙ্খিত তথ্য কোন শাখায় পাওয়া যেতে পারে তা নির্ধারণ**			
২য়	**সংশ্লিষ্ট শাখায় গমন**	প্রযোজ্য নয়	১ ঘন্টা	১ জন
৩য়	**শাখা থেকে তথ্য প্রাপ্তি কোন সংস্থা/সংস্থার শাখা/প্রকল্প পরিচালকের নিকট কাঙ্খিত তথ্য পাওয়া যাবে তা জানা**	প্রযোজ্য নয়	১ ঘন্টা	১ জন
৪র্থ	**সংশ্লিষ্ট সংস্থা/সংস্থার শাখা/প্রকল্প পরিচালকের নিকট কাঙ্খিত তথ্যের জন্য চাহিদাপত্র প্রেরণ**	প্রযোজ্য নয়	১ ঘন্টা	১ জন
৫ম	**সংশ্লিষ্ট সংস্থা/সংস্থার শাখা/প্রকল্প পরিচালকের নিকট হতে কাঙ্খিত তথ্যে প্রেরণ**	প্রযোজ্য নয়	১ দিন	২ জন
৬ষ্ঠ	**সংশ্লিষ্ট শাখা থেকে কাঙ্খিত তথ্য সংগ্রহ**	প্রযোজ্য নয়	১ ঘন্টা	১ জন

মোট ধাপঃ ৬ টি

মোট সময়ঃ ১দিন ৪ ঘন্টা

মোট ব্যয়ঃ প্রযোজ্য নয়

সম্পৃক্ত ব্যক্তির সংখ্যাঃ ৬ জন

ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map)



ক্ষেত্র	সমস্যার বর্ণনা	সমাধানের প্রস্তাবনা
১। অনুসন্ধান	বিভিন্ন শাখা/অফিসে গিয়ে খুঁজে বের করা।	অনলাইন পোর্টালে অনুসন্ধানের ব্যবস্থা রাখা।
২। সেবার ধাপ	৬ টি	২ টি
৩। নির্ভরশীলতা	সংশ্লিষ্ট সংস্থা/সংস্থার শাখা/প্রকল্প পরিচালকের উপর নির্ভশীল	অনলাইনে এ ধরণের জটিলতা নেই
৪। সময়	অনলাইনে না থাকায় সংগ্রহ করতে দীর্ঘ সময় লাগে	অনলাইনে থাকে বিধায় সময় কম লাগে
৫। রেকর্ড / তথ্য উপাত্ত সংরক্ষণ	রেকর্ড / তথ্য উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ থাকে না	রেকর্ড / তথ্য উপাত্ত ডেটাবেজ সার্ভারে সংরক্ষণ থাকবে
৬। অন্যান্য	-	-

ছ) প্রস্তাবনা পদ্ধতিঃ

ধাপ	কার্যক্রম	সময়	সংশ্লিষ্ট জনবল (জন)
১ম	কম্পিউটার/ল্যাপটপ/স্মার্ট ফোনে স্মার্ট মিটিং ব্যবস্থাপনায় লগইন	১ মিনিট (আনুমানিক)	১ জন
২য়	কাঙ্খিত তথ্য অনুসন্ধান ও তথ্য প্রাপ্তি।	১ মিনিট (আনুমানিক)	

মোট ধাপঃ ২ টি

মোট সময়ঃ ২ মিনিট

সম্পৃক্ত ব্যক্তির সংখ্যাঃ ০১ জন

জ) প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):



৩। TCV(Time, Cost & Visit) বিশ্লেষণঃ

	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	১ দিন ৪ ঘন্টা	২ মিনিট
খরচ	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
ধাপ	৬ টি	২ টি
জনবল	৬ জন	১ জন

মোহাঃ শহীদুল্লাহ কায়সার
সিস্টেম এনালিস্ট
পানি সম্পদ মন্ত্রণালয়